মেহেরপুর পৌরসভা কার্যালয়,মেহেরপুর।

১নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WC) সভা

সভাপতি : জনাব মীর জাহাঙ্গীর, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
স্থান : ঘোসপাড়া কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন।
সভার তারিখ : বিকাল ৩.০০ ঘটিকা , ০১/০৬/২০২১ ইং।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসংগে।
২। ড্রেন পরিস্কার মেরামত ও রাস্তা সোলিং করন প্রসংগে।
৩। UGIIP-III প্রকল্পের আওতায় নতুন রাস্তা ও ড্রেন অন্তরভুক্তি করন প্রসংগে।
৪। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ড় গৃহীত হয়।	সচিব
০২	ড্রেন পরিস্কার মেরামত ও রাস্তা সোলিং করন বিষয়ে সচেতনতামূলক আলোচনা।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন আপনার এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আপনার। এ ব্যাপারে পৌরসভা আপনাকে সহযোগিতা করবে। সদস্য নাজমুন নাহার লিপি বলেন ১নং ওয়ার্ডের ঘাটপাড়া হতে কদম তলামোড় এবং কদম তলা মোড় হতে যাদবপুর রোড পর্যন্ত রাস্তা খুবই খারাপ যাহা জনস্বাধারনের চলাচলের খুবই ভোগান্তীর শীকার হচ্ছে। তাছাড়া ১নং ওয়ার্ডের বিভিন্ন এলাকায় পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি করা পরিচ্ছন্ন কর্মী দ্বারা ময়লা অপসারন কার্যক্রম জোরদারের জন্য সদস্য গন সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করন। এছারা ঘোষ পারা বৈরব নদীর পাড়ে মাটির রাস্তা গুলো একটু বৃষ্টি হলেই রাস্তা কাদা হয়ে যায় উক্ত এলাকার রাস্তা গুলো দ্রুত সোলিং করার জন্য সদস্য মোছাঃ নাজমুন নাহার লিপি অনুরোধ করেন। এ ব্যাপারে সদস্য আসাদুল হোসেন বলেন ১নং	ওয়ার্ডের পরিস্কার পরিচ্ছন্নতা,ও মেরামত, সড়ক বাতি, পানি ও স্যানিটেশন সমস্যা সমাধানের ব্যাপারে TLCCর সভায় সুপারিশ করা হয়।	সচিব

		ওয়ার্ডের রাস্তা ও ড্রেনের অবস্থা খুবই নাজুক থাকায় জনগনের চলাচল করতে অসুবিধা হয়। দ্রুত রাস্তা ও ড্রেন মেরামত করার জন্য পৌর কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষন করেন।		
০৩	UGIIP-III প্রকল্পের আওতায় নতুন রাস্তা ও ড্রেন অন্তরভুক্তি করন সম্পর্কে আলোচনা।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সভাপতি। তিনি সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। ওয়ার্ডের উন্নয়নমূলক কাজ সম্পর্কে মুক্ত আলোচনায় জনাব ১নং ওয়ার্ডের সদস্য নাজমুন নাহার লিপি বলেন ১নং ওয়ার্ডের ঘাটপাড়া মনা জুয়েলার্স ও নাজাত ড্রাইভার বাড়ির পাশের রাস্তা ও ড্রেন ইউজিআইআইপি-৩ প্রকল্পের আওতায় অন্তরভুক্তি করনের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। সহসভাপতি জনাব আলপোনা খাতুন ১নং ওয়ার্ডে কিছু ড্রেনের উপর স্লাব নির্মানের জন্য অনুরোধ জানান।	পৌর ফান্ড এবং প্রজেক্ট প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে কাজগুলি সমাধানের সুপারিশ করা হয়।	মেয়র
০৪	বিবিধ	সভায় বিবিধ বিষয় নিয়ে আলোচনায় সর্বসম্মতিক্রমে মেহেরপুর পৌরসভা এলাকায় বেওয়ারিশ কুকুর নিধনের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানানো হয়।		

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০১/০৩/২০২১

(মীর জাহাঙ্গীর)
সভাপতি(WC)
ও
১নং ওয়ার্ড কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ ঃ ০১/০৬/২০২১ ইং সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান ঃ ঘোষপাড়া কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোছাঃ আলপনা খাতুন	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
২	জনাব মোছাঃ নাসিমা খাতুন	ঘোষপাড়া, মেহেরপুর।	
৩	জনাব মোঃ কামরুজ্জামান সাগর	ঘোষপাড়া, মেহেরপুর।	
৪	জনাব মোছাঃ নাজমুন নাহার লিপি	ঘোষপাড়া, মেহেরপুর।	
৫	জনাব মোঃ সোহেল রানা	নতুনপাড়া, মেহেরপুর।	
৬	জনাব মোঃ বাবু শেখ	পিয়াদাপাড়া, মেহেরপুর।	
৭	জনাব মোঃ আব্দুল	নতুনপাড়া, মেহেরপুর।	
৮	জনাব মোছাঃ সুমি আক্তার	পিয়াদাপাড়া, মেহেরপুর।	
৯	জনাব আবু-হেনা মোস্তফা কামাল	সহকারী প্রকৌশলী	
১০	জনাব,মীর জাহাঙ্গীর	কাউন্সিলর ও সভাপতি	

(মীর জাহাঙ্গীর)
কাউন্সিলর ও সভাপতি
১নং ওয়ার্ড কমিটি
মেহেরপুর পৌরসভা।